বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

মুজিব শতবর্ষ MUJIB 100

• তৃতীয় বর্ষ • ৪র্থ সংখ্যা • চৈত্র-বৈশাখ ১৪২৮ • সময়সীমা : ০১-৩০ এপ্রিল ২০২২

## ইফতার মাহ্ফিল




১০ এপ্রিল ২০২২ তারিখে সদর দপ্তর বিজিবি, পিলখানায় আয়োজিত ইফতার মাহ্ফিল অনুষ্ঠানে জনাব আসাদুজ্জামান খান, এমপি, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



## সূচিপত্র

ইফতার মাহ্ফিল |
সৌজন্য সাক্ষাৎ |
বিজিবি মহাপরিচালকের পরিদর্শন |
নির্বাচনি সহিংসতায় শহিদ পরিবারের পাশে বিজিবি |
আভিযানিক কার্যক্রম |
প্রশিক্ষণ কার্যক্রম |
সিজার প্রতিবেদন |
মৃত্যু প্রতিবেদন |
দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ |

## সৌজন্য সাক্ষাৎ



১৯ এপ্রিল ২০২২ তারিখে জনাব আসাদুজ্জামান খান, এমপি, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি। সাক্ষাৎ শেষে জনাব আসাদুজ্জামান খান, এমপি, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত **'নেতা মোদের শেখ মুজিব'** শীর্ষক গ্রন্থটি গ্রহণ করেন বিজিবি মহাপরিচালক।

## বিজিবি মহাপরিচালকের পরিদর্শন



২৭ এপ্রিল ২০২২ তারিখে নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬২ বিজিবি) পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।

bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd

## নির্বাচনি সহিংসতায় শহিদ নায়েক রুবেল মণ্ডলের পরিবারের পাশে বিজিবি





নম্বর ৭০৪৪৬ শহিদ নায়েক রুবেল মণ্ডল (৩০), নীলফামারী ব্যাটালিয়ন (৫৬ বিজিবি) এ কর্মরত থাকা অবস্থায় গত ২৮ নভেম্বর ২০২১ তারিখে নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার গাড়াগ্রাম ইউনিয়ন পরিষদ নির্বাচনে দায়িত্ব পালনকালীন দুষ্কৃতিকারী কর্তৃক নির্বাচনি সহিংসতায় শাহাদত বরণ করেন। বিজিবি মহাপরিচালক শহিদ নায়েক রুবেল মণ্ডলের মৃত্যুতে গভীর সমবেদনা জানান এবং তার পরিবারকে আট লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করেন। পরবর্তীতে বিজিবি মহাপরিচালকের নির্দেশনায় শহিদ নায়েক রুবেল মণ্ডলের পরিবারের সদস্যদের বসবাসের জন্য সর্বমোট ৮,১০,০০০/- ব্যয়ে গৃহনির্মাণ ও তার কবর পাকাকরণ এর কাজ সম্পন্ন করা হয়। নির্মাণ কাজ শেষে গত ০৩ এপ্রিল ২০২২ তারিখে বিজিবি মহাপরিচালকের পক্ষে অধিনায়ক, রংপুর ব্যাটালিয়ন (৫১ বিজিবি) এবং অধিনায়ক, নীলফামারী ব্যাটালিয়ন (৫৬ বিজিবি) শহিদ নায়েক রুবেল মণ্ডলের পরিবারের নিকট হস্তান্তর করেন। বাড়ি হস্তান্তর শেষে অধিনায়ক, রংপুর ব্যাটালিয়ন (৫১ বিজিবি) এবং অধিনায়ক, নীলফামারী ব্যাটালিয়ন (৫৬ বিজিবি) শহিদ নায়েক রুবেল মণ্ডলের কবর জিয়ারত করেন।

## আভিযানিক কার্যক্রম



১০ এপ্রিল ২০২২ তারিখে ছোটহরিণা ব্যাটালিয়ন (১২ বিজিবি) এর ত্রিপুরাঘাট বিওপি এবং ৬০ বিএসএফ ব্যাটালিয়ন এর টিপারঘাট ক্যাম্পের সাথে সমন্বিত টহল পরিচালনার আলোকচিত্র।




১২ এপ্রিল ২০২২ তারিখে সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এর সিংগারবিল বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকায় নলগরিয়া নামক স্থানে মাদক বিরোধী টাস্কফোর্স অভিযান পরিচালনা করে ১২ জন মাদক ব্যবসায়ীসহ ৫০৩ বোতল ইস্কফ আটক করে। যার সিজার মূল্য ২,০১,২০০/- টাকা।




১৯ এপ্রিল ২০২২ তারিখে অধিনায়ক, কক্সবাজার ব্যাটালিয়ন (৩৪ বিজিবি) এর নেতৃত্বে বিশেষ টহলদল বিশেষ অভিযান পরিচালনা করে ০৪ জন আসামিসহ ৬,৯০,০০০ পিস বার্মিজ ইয়াবা আটক করে। যার সিজার মূল্য ২০,৭০,০০,০০০/- টাকা।

## প্রশিক্ষণ কার্যক্রম

২০-২২ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত সদর দপ্তর বিজিবি'র কেন্দ্রীয় জামে মসজিদে অনুষ্ঠিত আজান ও কেরাত প্রতিযোগিতা-২০২২ এ আজান ও কেরাতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী বিজয়ীদের পুরস্কার ও সনদপত্র প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।






২৮ এপ্রিল ২০২২ তারিখে অধিনায়ক এবং উপ অধিনায়ক, দিনাজপুর ব্যাটালিয়ন (৪২ বিজিবি) এর উপস্থিতিতে খোলাহাটি সেনানিবাসের ফায়ারিং রেঞ্জে বিভিন্ন পদবীর সৈনিকদের এলএমজি ফায়ারিং অনুশীলনের আলোকচিত্র।



০৬ ফেব্রুয়ারি ২০২২ হতে ২৮ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত বিজিটিসিএন্ডসি এর তত্ত্বাবধানে পরিচালিত এটিজিডব্লিউ কোর্স-০১/২০২২ এর বহিরাঙ্গন অনুশীলনের আলোকচিত্র।



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ এর তত্ত্বাবধানে পরিচালিত ৯৮তম রিক্রুট ব্যাচে মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী রিক্রুটদের 'বিভিন্ন অস্ত্রের পরিচিতিমূলক প্রদর্শন মহড়া' এর আলোকচিত্র।



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ এর তত্ত্বাবধানে পরিচালিত ৯৮তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী রিক্রুটদের শরীরচর্চা অনুশীলনের আলোকচিত্র।

## সিজার প্রতিবেদন

এপ্রিল ২০২২ মাসে ১১৫,৩৬,৪৯,২৮০/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানি পণ্য আটক করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যের মধ্যে ১৫,৯০,৩৪০ পিস ইয়াবা ট্যাবলেট, ২৫,৯১৮ বোতল ফেনসিডিল, ৫.৬০৯ কেজি হেরোইন, ১২,৯৮২ বোতল বিদেশি মদ, ৪,৯৫৫ বোতল বিয়ার, ৫৬ লিটার দেশি মদ, ২,৩৫৮.০১ কেজি গাঁজা, ৩.১৯২ কেজি ক্রিস্টাল মেথ আইস, ৩.৫৫০ কেজি আফিম এবং ১০,৮৫৩ টি নেশা জাতীয় ইনজেকশন রয়েছে। বিভিন্ন প্রকারের উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদের মধ্যে রয়েছে ২টি পিস্তল, ৪টি গান, ১টি রিভলবার, ৩.৪০০ কেজি গান পাউডার, ২টি ম্যাগাজিন, ১৬ রাউন্ড সীসা বল এবং ৬ রাউন্ড গোলাবারুদ। এছাড়াও অবৈধভাবে পাচারকালে ১১ জন পুরুষ, ০৫ জন নারী ও ০১ জন শিশু উদ্ধার এবং ০২ জন পাচারকারীকে আটক করা হয়েছে। এ ব্যাপারে ২,৫৬৫ টি মামলা দায়ের এবং ৩০৬ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে।

## মৃত্যু প্রতিবেদন

| ক্রমিক | নং, পদবি ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | নম্বর-৫৪৪৮২ নায়েক মোঃ জহুরুল ইসলাম | নওগাঁ ব্যাটালিয়ন (১৬ বিজিবি) | ০৪ এপ্রিল ২০২২ | হার্ট এ্যাটাক |
| ২। | নম্বর-১০১২৮৯ সিপাহী মোঃ আরিফ হোসেন | নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়ন (১১ বিজিবি) | ১০ এপ্রিল ২০২২ | মোটর সাইকেল দুর্ঘটনা |
| ৩। | নম্বর-৭৯৯০৩ সিপাহী মোঃ আবু হানিফ | জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি) | ১৫ এপ্রিল ২০২২ | মস্তিষ্কে রক্তক্ষরণ |
| ৪। | নম্বর-৭৫৪৩৩ নায়েক মোহাম্মদ সাইফুল ইসলাম | সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ঢাকা | ২২ এপ্রিল ২০২২ | ব্লাড ক্যান্সার |
| ৫। | নম্বর-৭০২৩৪ ল্যান্স নায়েক মোঃ আফিকুল ইসলাম | তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বিজিবি) | ২৩ এপ্রিল ২০২২ | বুকে ব্যথা |
| ৬। | আইডব্লিউটি-৩৬১ লস্কর মোঃ কবির হোসেন | টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) | ২৮ এপ্রিল ২০২২ | হ্যার্ট এ্যাটাক |

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | নম্বর, পদবি, নাম ও ইউনিট | অপরাধের সংক্ষিপ্ত বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | নম্বর ৭০৫৪৬ নায়েক<br>মোঃ রবিউল ইসলাম রানা<br>নীলফামারী ব্যাটালিয়ন (৫৬ বিজিবি) | প্রশিক্ষক হিসেবে নিয়মবহির্ভূতভাবে রিক্রুট কামরুল হাসানকে তার পরিবারের সাথে মোবাইলে কথা বলার সুযোগ করে দেয়া, তার বাড়িতে গমন ও রাত্রিযাপন, তার ছোটো বোনের সাথে পরকীয়া ও শারীরিক সম্পর্ক স্থাপনসহ একাধিক মহিলার সাথে শারীরিক সম্পর্কের ভিডিও মোবাইলে সংরক্ষণ, রিক্রুটের ছোটো বোন প্রেমের সম্পর্ক ছিন্ন করতে চাইলে মোবাইলে ধারণকৃত শারীরিক সম্পর্কের ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছেড়ে দেয়ার হুমকি প্রদানসহ একাধিক ফেইসবুক ফেক আইডি খোলার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ০৪-০৪-২২।** |
| ২। | নম্বর ৬৬৬৯০ নায়েক<br>মোঃ মথির রহমান<br>চাঁপাইনবাবগঞ্জ ব্যাটালিয়ন (৫৩ বিজিবি) | শীতকালীন প্রশিক্ষণ-১/২২ এ থাকা অবস্থায় প্রশিক্ষণ এলাকা ত্যাগ করে স্থানীয় এক মহিলার সাথে অবৈধ সম্পর্ক করার উদ্দেশ্যে ঘরে প্রবেশ করলে স্থানীয় লোকজন কর্তৃক ধৃত হওয়া, অনৈতিক কাজের ক্ষতিপূরণ স্বরূপ ৫০,০০০/- টাকা প্রদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ০৭-০৪-২২।** |
| ৩। | নম্বর ৭৯৫৬০ ল্যান্স নায়েক<br>মোঃ রুহুল আমিন<br>জয়পুরহাট ব্যাটালিয়ন (২০ বিজিবি) | বয়সপূর্তির পূর্বে বিবাহ, ভুয়া কাবিননামা জমা, ১ম স্ত্রীকে ভরণ-পোষণ না দেয়া, দ্বিতীয় বিবাহ, ছুটি ব্যতিরেকে বিওপি হতে পলায়ন করা এবং ২য় স্ত্রীর বাড়িতে অবস্থানকালে শিবগঞ্জ থানা পুলিশ কর্তৃক গ্রেফতার হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ০৭-০৪-২২।** |
| ৪। | নম্বর ৯০৫৮৬ সিপাহী<br>মোঃ সেলিম জাবেদ<br>নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়ন (১১ বিজিবি) | ছুটি ব্যতিরেকে সৈনিক লাইন হতে পলায়ন করে ০৩ মাস ১১ দিন অনুপস্থিত থেকে স্বেচ্ছায় কর্মস্থলে যোগদান করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ১২-০৪-২২।** |
| ৫। | নম্বর ৬৩৪৮২ নায়েক<br>মোঃ লিটন মিয়া<br>চাঁপাইনবাবগঞ্জ ব্যাটালিয়ন (৫৩ বিজিবি) | ইউনিফরম পরিহিত অবস্থায় চেকপোস্ট হতে অন্যত্র গমন এবং কোন সাক্ষী ছাড়া একজন অটোরিক্সা আরোহীকে হেরোইনসহ আটক করে। আসামি আটকের বিষয়টি কর্তৃপক্ষকে অবগত না করে নগদ ১০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ করে ছেড়ে দেয়ার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ১৩-০৪-২২।** |
| ৬। | নম্বর ৬৭০৩৫ ল্যান্স নায়েক<br>মোঃ জয়নাল আবেদীন<br>সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) | ব্যক্তিগত স্বার্থে মিথ্যা তথ্য দিয়ে টহলদলকে বিভাজন, এসওপি লংঘন করে নিরাপত্তার বিষয়টি উপেক্ষা, একাকি গরু আটকের মিথ্যা অজুহাত দিয়ে স্থানীয় বেসামরিক ব্যক্তির স্ত্রীর সাথে অবৈধ শারীরিক সম্পর্কের প্রচেষ্টা করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১৩-০৪-২২।** |
| ৭। | নম্বর ৯৪৯১৬ সিপাহী<br>মোঃ শরীফ হোসেন<br>সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি) | ছুটিতে গমন করে ০২ মাস ২৯ দিন ১২ ঘণ্টা ১৫ মিনিট অনুপস্থিত থেকে স্বেচ্ছায় ইউনিটে যোগদান করা এবং চাকুরির প্রতি অনীহা প্রকাশ করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১৩-০৪-২২।** |
| ৮। | নম্বর ৮৭২০১ সিপাহী<br>মোঃ মেহেদী হাসান<br>রাজশাহী ব্যাটালিয়ন (১ বিজিবি) | বিনা পাশে ইউনিটের বাহিরে রাজশাহী শহরের স্বর্ণপট্টি এলাকায় অবস্থিত হ্যাপী হোটেলের ম্যানেজারের নিকট নিজেকে র‍্যাব সদস্য পরিচয় দিয়ে অবৈধভাবে নগদ ১৫,০০০/- টাকা চাঁদা আদায় করার সময় রাজশাহী রেল স্টেশন থেকে র‍্যাব-৫ কর্তৃক আটক হওয়ার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১৭-০৪-২২।** |
| ৯। | নম্বর ৯৬৫৩৩ সিপাহী<br>সুমন<br>বরকল ব্যাটালিয়ন (৪৫ বিজিবি) | বয়সপূর্তির পূর্বে বিবাহ, ২য় বিবাহ সম্পর্কিত তথ্য কর্তৃপক্ষের নিকট গোপন, ১ম স্ত্রীকে তালাক প্রদান, ২য় স্ত্রীর নিকট ভুয়া তালাকনামা উপস্থাপন, উভয় স্ত্রীর সাথে প্রতারণার আশ্রয় গ্রহণ করে তাদেরকে যথাযথভাবে ভরণ-পোষণ না দেয়ার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১৭-০৪-২২।** |
| ১০। | নম্বর ৯৯৪১২ সিপাহী<br>মোঃ মোবারক হোসেন<br>তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বিজিবি) | বয়সপূর্তির পূর্বে বিবাহ, স্ত্রী ও সন্তান থাকা সত্ত্বেও অন্য মহিলার সাথে পরকীয়ায় লিপ্ত হয়ে অবৈধ সম্পর্ক স্থাপন, স্ত্রীকে শারীরিক ও মানসিক নির্যাতন, ছুটিতে গিয়ে নিজ স্ত্রীর সাথে যোগাযোগ না করে অন্য মহিলার সাথে অবৈধ সম্পর্ক স্থাপন করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১৮-০৪-২২।** |
| ১১। | বক্ষ নম্বর ০৬১ রিক্রুট (জিডি)<br>শেখ আছাদুজ্জামান<br>বিজিটিসিএন্ডসি | তালিকাভুক্তির পূর্বে বাগেরহাট এর মোল্লাহাট থানায় মামলা থাকা সত্ত্বেও মামলার তথ্য গোপন করে মিথ্যা তথ্য প্রদান করে বিজিবিতে ভর্তি হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১৯-০৪-২২।** |
| ১২। | নম্বর ৯১৮৯৯ সিপাহী মেডি. সহ.<br>জাহিদ হাসান<br>ফুলবাড়ী ব্যাটালিয়ন (২৯ বিজিবি) | ছুটিতে গমন করে ০৩ মাস ১৯ দিন ১৭ ঘণ্টা অনুপস্থিত থেকে স্বেচ্ছায় কর্মস্থলে যোগদান এবং চাকুরির প্রতি অনীহা প্রকাশ করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২০-০৪-২২।** |
| ১৩। | নম্বর ৭৩৯৯১ ল্যান্স নায়েক<br>মোঃ সুমন<br>শ্রীমঙ্গল ব্যাটালিয়ন (৪৬ বিজিবি) | ছুটিতে গমন করে ০৫ মাস ১৮ দিন ০৯ ঘন্টা অনুপস্থিত থেকে স্বেচ্ছায় ইউনিটে যোগদান করে। পারিবারিক সমস্যা সম্পর্কে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করা, চাকুরির প্রতি অনীহা প্রকাশ ও কর্তব্য পালনে উদাসীনতা থাকার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২১-০৪-২২।** |
| ১৪। | নম্বর ৯৪৫০৭ সিপাহী<br>মোঃ খায়রুল ইসলাম<br>যামিনীপাড়া ব্যাটালিয়ন (২৩ বিজিবি) | বয়সপূর্তির পূর্বে বিবাহ, যৌতুকের দাবিতে তার স্ত্রীকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতন এবং ভরণ-পোষণ না দেয়া। ১ম স্ত্রী থাকা সত্ত্বেও ২য় বিবাহ করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২৫-০৪-২২।** |
| ১৫। | নম্বর ৮৭১৬৩ সিপাহী<br>মোঃ দেলোয়ার হোসেন<br>লালমনিরহাট ব্যাটালিয়ন (১৫ বিজিবি) | কোভিড-১৯ ওমিক্রন ভ্যারিয়েন্ট এর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় উর্ধ্বতন কর্তৃপক্ষের সৈনিক লাইনে অবস্থানের নির্দেশনা থাকলেও ০৮ দিন সৈনিক লাইনে অবস্থান না করে ইউনিটের বাহিরে ভাড়া বাসায় অবস্থান করে। মাদকদ্রব্যের ব্যাপারে জিরো টলারেন্স নীতি অনুসরণের কঠোর নির্দেশনা থাকা সত্ত্বেও ফেন্সিডিল, ইয়াবা ট্যাবলেট ও গাঁজা সেবন করে মাদকাসক্ত হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২৮-০৪-২২।** |
| ১৬। | বক্ষ নম্বর ৬১৩ রিক্রুট (জিডি)<br>আমিরুল ইসলাম হাবিব<br>বিজিটিসিএন্ডসি | তালিকাভুক্তির পূর্বে তার বিরুদ্ধে মামলা এবং মামলা হতে অব্যাহতি পাওয়ার বিষয়টি গোপন করে বিজিবিতে ভর্তি হওয়ার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২৮-০৪-২২।** |